

Your sins are forgiven

“তোমার পাপ ক্ষমা করা হল”

কত সুন্দর কথা! কেবল একজন আছেন, যিনি পাপ ক্ষমা করতে পারেন, সেই তিনি-ই একবার কথাগুলো বলেছিলেন। তিনি হলেন ঈশ্বর, যিনি যীশু খ্রীষ্ট হিসেবে মানুষ হয়ে পৃথিবীতে এসেছিলেন।

কিন্তু কাদের জন্য তিনি কথাগুলো বলেছিলেন? কথাগুলো বলা হয়েছিল একজন পাপীকে, ঠিক তোমার এবং আমার মত। তিনি এমন একজন লোক ছিলেন যাকে সমাজের অন্য সব লোকেরা ছোট করে দেখতেন। তবে, তিনি এমন একজন যাকে যীশু খ্রীষ্ট খুব ভালবাসলেন।

এটাই যীশু খ্রীষ্টের সুখবরের সৌন্দর্য্য। ঈশ্বর পাপীকে ভালবাসেন। ঈশ্বরের বাক্য, বাইবেল বলে যে, “সবাই পাপ করেছে এবং ঈশ্বরের প্রশংসা পাবার অযোগ্য হয়ে পড়েছে।” (রোমীয় ৩:২৩ পদ)

সেটাই খারাপ খবর। কিন্তু ভাল খবরও আছে। কারণ আরও বলা হয়েছে, “কিন্তু ঈশ্বর যে আমাদের ভালবাসেন তার প্রমাণ এই যে, আমরা পাপী থাকতেই খ্রীষ্ট আমাদের জন্য প্রাণ দিয়েছিলেন।” (রোমীয় ৫:৮ পদ)

তুমি দেখলে তো? যদিও তুমি এবং আমি পাপী, নরকে বাস করার যোগ্য, তবুও ঈশ্বর আমাদের ভালবাসেন। তিনি আমাদের এত ভালবাসেন যে, তিনি যীশু খ্রীষ্টকে ক্রুশের উপর মৃত্যু বরণ করার জন্য পাঠিয়ে দিলেন, যাতে তাঁর নির্দোষ রক্ত আমাদের পাপ ঢেকে দেয়, তাতে তুমি এবং আমি আমাদের সব পাপ থেকে ক্ষমা পেতে পারি, আর ঈশ্বরের সাথে অনন্ত জীবন কাটাতে পারি।

ওবে, তোমাকে এবং আমাকে এই ধর্ম্ম এবং অনন্ত জীবন পত্রওয়ার জন্য একটা কাজ করতে হবে। এটা গীর্জাতে যাওয়া নয়, অথবা ভাল জীবন-যাপনও নয়, অথবা “তোমার জীবন পরিষ্কার” করার চেষ্টাও নয়। বাইবেল বলে, “আপনি ও আপনার পরিবার প্রভু যীশুর উপর বিশ্বাস করুন, তাহলে পাপ থেকে উদ্ধার পাবেন।” (থেরিত ১৬: ৩১)

তুমি এবং আমি নরকে যাওয়ার যোগ্য ছিলাম, এখন সেই নরক থেকে রক্ষার একটা উপায় হলো।

তুমি দেখলেন তো, খ্রীষ্ট সব কাজ করেছেন। আমাদের যা করা দরকার তা হল কেবল বিশ্বাস।

সেই লোক যাকে যীশু খ্রীষ্ট কথাগুলো বলেছিলেন, “তোমার পাপ ক্ষমা করা হল”, তিনি যীশু কাছে এসেছিলেন, ঠিক সেভাবে যেমন তিনি ছিলেন এবং তিনি বিশ্বাস করেছেন যে যীশুই পাপ থেকে উদ্ধার করতে পারেন। তিনি তোমাকে এবং আমাকেও গ্রহণ করবেন, যদি আমরা যেমন তথা পাপী, ভগ্নমন, নি:সঙ্গ এবং দু:খি অবস্থায় কেবল “প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করি।”

যীশু এই ব্যক্তির জন্য কয়েকটি শেষ কথা বললেন। তিনি বললেন, “তোমার বিশ্বাস তোমাকে রক্ষা করল, শান্তিতে বাড়ি ফিরে যাও।” ঈশ্বরের সংগে শান্তি। কত সুন্দর একটা পাওয়া। আমরা যতই অন্যায্য করি না কেন, যদি আমরা কেবল... “প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করি,” আমরা “শান্তি পাবো”। তুমি কি যীশুর উপরে বিশ্বাস করেছ?